গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮-২৫৭

তারিখ : ২১ ভাদ্র ১৪২৬
০৫ সেপ্টেম্বর ২০১৯

**বিষয় : মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৭ আগস্ট ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১২.০৯.২০১৯ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী

০৫.০৯.১৯
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন #:+৮৮০ ৪৭১২৪৩৫৯
ই-মেইল : admin3@ssd.gov.bd

**বিতরণ :**

**সুরক্ষা সেবা বিভাগ :**

১. অতিরিক্ত সচিব...................................... (সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
২. যুগ্মসচিব.........................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৩. উপসচিব..........................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৪. উপপ্রধান(পরিকল্পনা),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৫. সিনিয়র সহকারী সচিব..................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৬. সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ; এবং
৮. সহকারী সচিব..................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

**অধিদপ্তরসমূহ :**

১. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা; এবং
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা;

**অনুলিপি :**

১. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জুলাই, ২০১৯-এর সমন্বয়সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৭ আগস্ট ২০১৯, বেলা : ১১.৩০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর/উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আরো আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ জানান। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | গত সভার (জুন, ২০১৯) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | জুন, ২০১৯-এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। |

| ক্র. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | **নির্বাচনী ইশতেহার ২০১৮ (সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ) :** | |
| ২.১ | **ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>• মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ও চলমান অভিযান অব্যাহত থাকবে। মাদকাসক্তদের পুনর্বাসনের জন্য সরকারি অর্থায়নে সংশোধনাগারের সংখ্যা বৃদ্ধি করা হবে [অনু. ৩.৬ ]<br>• তরুণদের মাদকের ভয়াল আসক্তি থেকে মুক্ত করতে প্রতিটি জেলায় একটি করে সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র করা ও বেসরকারি কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান বাড়ানো হবে [অনু. ৩.১১]<br>• জুলাই, ২০১৯ মাসে ২৪২টি সভা-সেমিনার ও শিক্ষা প্রতিষ্ঠানে ৩২০টি মাদকবিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও মাদক প্রবণ এলাকায় ৮৭টি স্থানে ফিলার প্রচার করা হয়েছে।<br>• ২০১৮-১৯ অর্থবছরে ৫টি LED Billboard ক্রয় করা হয়েছে। এর মধ্যে ঢাকা মেট্রোপলিটন এলাকায় ৩টি, চট্রগ্রামে-১টি এবং কক্সবাজারে-১টি মোট ৫টি LED Billboard স্থাপন চূড়ান্ত পর্যায়ে রয়েছে।<br>• স্থানীয় পর্যায়ে ২০৭টি কিওস্ক ক্রয় করা হয়েছে। যা জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয় এবং বিজ্ঞ জেলা জজের কার্যালয়ের দর্শনীয় স্থানে স্থাপনের কার্যক্রম চলমান। স্থাপন কার্যক্রম শেষে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হবে।<br>• জুলাই, ২০১৯-এ ৫৫২০টি মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ১৫৮৪ জন আসামির বিরুদ্ধে ১৫০৭টি মামলা দায়ের করা হয়েছে।<br>• ৪টি বিভাগীয় শহরে (রাজশাহী, বরিশাল, সিলেট ও চট্রগ্রাম) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের কার্যক্রম চলমান।<br>• কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে ২৫০ শয্যা বিশিষ্ট আধুনিক সুবিধাসহ সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের জনবল নির্ধারণের জন্য অর্থমন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | • মাদকবিরোধী প্রচারণামূলক কার্যক্রমের জন্য সাইনবোর্ড, বিলবোর্ড ইত্যাদি কৌশলগত স্থানে স্থাপন ও টিভি ফিলার প্রদর্শন কার্যক্রম অব্যাহত রাখা;<br>• মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর উপস্থিতিতে সকল শ্রেণি/পেশার মানুষকে সম্পৃক্ত করে বিভাগীয় পর্যায়ে মাদকবিরোধী সভা-সমাবেশ-এর আয়োজনসহ এ কার্যক্রম অব্যাহত রাখা;<br>• জুলাই, ২০১৯ মাসে ২৪২টি সভা-সেমিনার ও শিক্ষা প্রতিষ্ঠানে ৩২০টি মাদকবিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও মাদক প্রবণ এলাকায় ৮৭টি স্থানে ফিলার প্রচার করা হয়েছে, চলমান মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখা;<br>• ২০১৮-১৯ অর্থবছরে ক্রয়কৃত ৫টি LED Billboard দ্রুত স্থাপন করা;<br>• জুলাই, ২০১৯-এ ৫৫২০টি মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ১৫৮৪ জন আসামির বিরুদ্ধে ১৫০৭টি মামলা দায়ের করা হয়েছে, চলমান এ অভিযান অব্যাহত রাখা;<br>• ৪টি বিভাগীয় শহরে (রাজশাহী, বরিশাল, সিলেট ও চট্রগ্রাম) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন সংক্রান্ত প্রকল্পটি বাস্তবায়নে দ্রুত যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;<br>• কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে ২৫০ শয্যা বিশিষ্ট আধুনিক সুবিধাসহ সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের জনবল নির্ধারণের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে জনবল অনুমোদন বিষয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা;<br>• বৃহত্তর জেলাসহ মাদকপ্রবণ জেলাসমূহে ১০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করার ডিপিপি প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;<br>• অবশিষ্ট জেলাসমূহে ৫০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করার কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এ বিষয়ে দ্রুত কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা;<br>• সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত সকল জেলায় মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন ও বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহকে কঠোর নজরদারির মধ্যে আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক একটি কর্মপরিকল্পনা দ্রুত প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করা;<br>• বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহেও আর্থিক অনুদান প্রদানের বিষয়ে দ্রুত একটি নীতিমালা প্রস্তুতপূর্বক এ বিভাগে প্রেরণ করা।<br>**বাস্তবায়নে : মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ** |

| | | |
|---|---|---|
| | • ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপনের ডিপিপি এ বিভাগের যাচাই-বাছাই কমিটির সুপারিশ মোতাবেক সংশোধন করা হয়েছে। জনবল নির্ধারণের জন্য অর্থমন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ৭টি) প্রকল্প অনুমোদনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>• প্রতিটি জেলায় ৫০ শয্যা সরকারি মাদকাসক্তি নিরাময় স্থাপনের পরিকল্পনা রয়েছে। ডিপিপি প্রণয়ন করা হবে।<br>• বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহেও আর্থিক অনুদান প্রদানের বিষয়ে একটি নীতিমালা প্রস্তুতের কার্যক্রম চলমান | |
| | **খ) <u>ইমিগ্রেশন পাসপোর্ট অধিদপ্তর</u> : বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>**ই-পাসপোর্ট এবং ই-ভিসা চালু করা হবে [অনু. ৩.২১] :**<br>• ৩টি আন্তর্জাতিক বিমানবন্দর ও ২টি স্থল বন্দরে ৫০টি ই-গেইট স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন-২ এ প্রাথমিকভাবে ৩টি ই-গেইট স্থাপন করা হয়েছে।<br>• মাননীয় প্রধানমন্ত্রী পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স এবং 'ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন' শীর্ষক প্রকল্প উদ্বোধনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছেন। এ সংক্রান্ত সকল কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। সহসাই ই-পাসপোর্ট কার্যক্রম উদ্বোধন করা হবে।<br>• ই- পাসপোর্টের আবেদন ফরম, ফি ও মেয়াদ নির্ধারণ পূর্বক এ সংক্রান্ত পরিপত্র এ বিভাগ হতে জারি করা হয়েছে ।<br>• উত্তরাস্থ ই-পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স (১০ তলা ভবন)-এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে । কমপ্লেক্সে ৮০০ কেভিএ বিদ্যুৎ সংযোগ আছে। অতিরিক্ত ৮০০ কেভিএ বিদ্যুৎ সংযোগ প্রদানের নিমিত্ত ভূ-গর্ভস্থ্য বৈদ্যুতিক ক্যাবল স্থাপনের লক্ষ্যে সড়ক খননের অনুমতি প্রদানের জন্য রাজউক-কে পত্র দেয়া হয়েছে ।<br>• ই-ভিসা ও ই-টিপি চালুকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এতদ্বিষয়ে এ বিভাগ কর্তৃকে একটি Technical Committee গঠন করা হয়েছে। | • ৩টি আন্তর্জাতিক বিমানবন্দর ও ২টি স্থল বন্দরে ৫০টি ই-গেইট স্থাপন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;<br>• ই-পাসপোর্ট ও ই-গেইট প্রকল্পের কাজ বাস্তবায়ন এবং উদ্বোধনের বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) আলোচনাপূর্বক এতদসংশ্লিট সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করবেন;<br>• ই-ভিসা এবং ই-ট্রাভেল পারমিট (ই-টিপি) সংক্রান্ত প্রকল্পের ডিপিপি প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে;<br>**বাস্তবায়নে : মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/নিরা: ও বহি: অনুবিভাগ** |
| | **গ)নির্বাচনী ইশতেহার ২০১৮ (সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ) বাস্তবায়নে কর্মপরিকল্পনা** | • নির্বাচনী ইশতেহার ২০১৮ এর লক্ষ্য ও পরিকল্পনার পরিপ্রেক্ষিতে গৃহীত কর্মপরিকল্পনা চূড়ান্তপূর্বক বই আকারে প্রকাশের জন্যে নির্ধারিত ছক মোতাবেক তথ্য অবিলম্বে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করা।<br>**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান/অনুবিভাগ প্রধান (সকল)** |
| ২.২ | **ই-টেন্ডারিং : বাস্তবায়ন অগ্রগতি**<br>বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরে ই-জিপিতে ক্রয় কার্যক্রম এখনো শুরু করা হয়নি। | |
| | **সিদ্ধান্তসমূহ :**<br>• সকল অধিদপ্তর প্রধান কর্তৃক প্রয়োজনীয় যৌক্তিক চাহিদার নিরিখে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন দ্রুত সম্পন্ন করা;<br>• প্রস্তুতকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার পণ্য/সেবা পিপিআরসহ সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক ১০০% ই-জিপি পদ্ধতিতে ক্রয় অব্যাহত রাখা;<br>• অধিদপ্তরসমূহের ক্রয় কার্যক্রম সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক follow up-এ রাখা।<br>**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(প্রশাসন-২)** | |

২. **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** ১৮.০৬.১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন ৪টি দপ্তর/সংস্থার মধ্যে ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ সংক্রান্ত প্রতিবেদন ২৩.০৬.১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। দপ্তর/সংস্থাসমূহ এপিএএমএস (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি) সফটওয়্যার ব্যবহার করে মাঠপর্যায়ের অফিসসমূহের সাথে চুক্তি সম্পাদন করেছে। বর্তমানে ২০১৮-২০১৯ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কাজের মূল্যায়ন কার্যক্রম চলছে।

**সিদ্ধান্ত :**

- ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে অর্থবছরের শুরু থেকেই কাজ শুরু করতে হবে। এ বিষয়ে এপিএ টিম এবং দপ্তর/সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
- ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সকল অধিদপ্তর প্রধানকে ধন্যবাদ প্রদান করে পত্র প্রেরণ করা;
- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়নের জন্য রোডম্যাপ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখা।

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/ জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা**

২.৪ **সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি :**

| মন্ত্রণালয়/ অধীন অধিদপ্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৮৮ | ৭২ |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ১,১৬১ | ১,০৬৫ | ৯৬ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৩০৩২ (পূর্বের জনবল ১৬২৫+ নতুন অনুমোদিত ১৪০৭) | ১৩২৩ | ১৭০৯ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১২,১৫০ | ১০০৪৭ | ২১০৩ |
| কারা অধিদপ্তর | ১২,১৭৮ | ১০,৩৮৬ | ১৭৯২ |
| মোট= | ২৮,৭৮১ | ২৩,০০৯ | ৫,৭৭২ |

- পিএসসি-এর মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদসমূহ পিএসসি-এর সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত পূরণের ব্যবস্থা করা এবং বাস্তবায়ন অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নবসৃষ্ট শূন্য পদগুলোর বিপরীতে দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা এবং সমন্বিতভাবে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ না করে প্রত্যেক পদের জন্য আলাদা আলাদাভাবে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা;
- সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে নিয়োগ বিধি অনুযায়ী শূন্যপদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১)**

২.৫ **অডিটঃ**

| সংস্থা | মোট আপত্তি | জড়িত টাকা | নিষ্পত্তি | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| এসএসডি | ৩ | ৬৮৪৫০৬৪৪ | ০০ | ৩ |
| ডিআইপি | ৫৩ | ৫২৫,৯৭,৮৯,৪৭১ | ১৬ | ৩৭ |
| ডিএনসি | ১১৫ | ৭২৬,৬৮,৮৫,০০৫ | ৬ | ১১৫ |
| প্রিজন | ২৪৩ | ৬৬,৭৯,৯৩,৪৪০ | ১৬ | ২৪৩ |
| এফএসসিডি | ০০ | ০০ | ০০ | ০০ |

- প্রত্যেক মাসে সমন্বয়সভায় নিম্নের ছকে অডিট আপত্তির তথ্য প্রদান অব্যাহত রাখা;

| মোট অডিট আপত্তির সংখ্যা | মোট জবাব প্রদানের সংখ্যা | জড়িত টাকার পরিমাণ | বিবেচ্য মাসে জবাব প্রদানের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | অবশিষ্ট আপত্তির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

- সময়মত বস্তুনিষ্ঠ ব্রডশিট জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য যথাসময়ে প্রমাণক জবাব দেয়া;
- মন্ত্রণালয় এবং দপ্তরসমূহের বিগত বছরের অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য বাজেট-২ শাখা হতে সিভিল অডিট অধিদপ্তরকে পত্র মারফত অনুরোধ জানানো এবং ব্যক্তিগত ভাবে যোগাযোগ অব্যাহত রাখা;

**বাস্তবায়নে : সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/অধিদপ্তর প্রধান/উপসচিব(বাজেট) ও ফোকাল কর্মকর্তা**

**২ পেনশনঃ**

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন পেনশনের সংখ্যা |
|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ০ |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ০ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১ জন (প্রাক্তন উপপরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর হেফাজতে থাকা আলামত সংশ্লিষ্ট মামলাগুলোর তথ্য যাচাই করে নিষ্পত্তি করা) |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১ জন (ওয়ারিশ সনাক্তকরণের বিষয়ে কোর্টে মামলা চলমান) |
| কারা অধিদপ্তর | ০ |

- কর্মকর্তা/কর্মচারীদের অনিষ্পন্ন পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্ত্বাবধান করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ**

**২.৭ পরিদর্শন :**

| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের তারিখ | পরিদর্শনকৃত স্থাপনার নাম |
|---|---|---|
| ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর। | ০৮.০৭.১৯ | চাঁপাই নবাবগঞ্জ জেলা কারাগার |
| | ০৯.০৭.১৯ | রাজশাহী কেন্দ্রীয় কারাগার |
| কর্নেল, মোঃ আবরার হোসেন অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর | ০১.০৬.১৯ | চট্রগ্রাম কেন্দ্রীয় কারাগার, চট্রগ্রাম। |
| ব্রিগেডিয়ার জেনারেল সাইদুর রহমান খান এনডিসি,পিএসসি, টিই, প্রকল্প পরিচালক | ২৭.০৭.১৯ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল |
| ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, মহাপরিচালক | ০২.০৭.১৯ | গাজীপুর ও কাশিমপুর ফায়ার স্টেশন। |
| | ১৯.০৭.১৯ | নারায়ণগঞ্জের আদমজী ও সোনারগাঁও ফায়ার স্টেশন। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ... | কোন স্থাপনা পরিদর্শন করা হয়নি। |

**সিদ্ধান্তসমূহ :**

- প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখা;
- চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্ধ্বতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;
- উর্ধ্বতন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা, সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক পরিদর্শনে প্রদত্ত সুপারিশ এর প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান(সকল)**

**২.৮ অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :**

সভায় অধিদপ্তর প্রধান সকলেই জানান যে, সুরক্ষা সেবা বিভাগে অধিদপ্তর হতে প্রেরিত অনিষ্পন্ন বিষয়সমূহের নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

| অধিদপ্তরের নাম | পেন্ডিং চিঠির সংখ্যা |
|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৫টি |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ০০ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৫২টি |
| কারা অধিদপ্তর | ৮৬টি |

- নিম্নের ছকে অনিষ্পন্ন বিষয়সমূহের তথ্য মাসিক সমন্বয়সভায় উপস্থাপনের লক্ষ্যে প্রতিমাসের ৭(সাত) তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করা;

**অধিদপ্তরের নাম:**

| ক্রম | পেন্ডিং চিঠির সংখ্যা | কতদিন যাবৎ অনিষ্পন্ন | শাখা ও অনুবিভাগ | মন্তব্য(অতীব জরুরি চিঠি হলে মন্তব্য কলামে বিষয়সহ উল্লেখ করা যেতে পারে) |
|---|---|---|---|---|

- সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান/অনুবিভাগ প্রধান (সকল)**

২. **প্রশিক্ষণ**

| অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিভূত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর : | ১ম | ২৬ | ৮.৩০ | ৮.৩০ |
| | ২য় | ১২ | ৪.৪৫ | ৪.৪৫ |
| | ৩য় | ১৪৩ | ২.৮২ | ২.৮২ |
| | ৪র্থ | ৩১ | - | - |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : | ১ম | ১০০ | ১৮.৪ | ১৮.৪ |
| | ২য় | ১৪৩ | - | - |
| | ৩য় | ৮০৮ | ৫.২৮ | ৫.২৮ |
| | ৪র্থ | ৭৯ | - | |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : | ১ম | ৪৬ | - | - |
| | ২য় | ৬৮৬ | ২.০১ | ২.০১ |
| | ৩য় | ২,১৮৩ | ১৬.০৯ | ১৬.০৯ |
| | ৪র্থ | ৭,১৩২ | ১৩.৮৮ | ১৩.৮৮ |
| কারা অধিদপ্তর : | ১ম | ১৪৫ | ৮ | ৮ |
| | ২য় | ১৮২ | ৯ | ৯ |
| | ৩য় | ৩৯৮ (সিভিল) | ৮ | ৮ |
| | ৩য় | ৯৮১৬ (ইউনিফর্ম) | ৯ | ৯ |
| | ৪র্থ | ২২ | ৮ | ৮ |

**সিদ্ধান্তসমূহ :**

- কর্মকর্তা/কর্মচারীগণের জন্য Need based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা;
- প্রশিক্ষণসূচি যথাসময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করা যাতে সকল কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

২.১০ **ওয়েবসাইট হালনাগাদকরণ :**

বিবেচ্যমাসে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক কোন বিষয়/তথ্য আপগ্রেড কিংবা নতুন বিষয় সংযোজন করা হয়নি। অন্যান্য অধিদপ্তর কর্তৃক যথারীতি বিষয়/তথ্য আপলোড/আপগ্রেড/সংযোজন করা হয়েছে।

- বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট সমৃদ্ধ করা;
- জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;
- এ বিভাগ এবং অধীন দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয়সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক উপস্থাপন করা।

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/যুগ্মসচিব(বহি-৪ অধিশাখা)**

২.১১ **ই-ফাইলিং:**

| বিভাগ/সংস্থার নাম | বর্তমান অবস্থান | গত মাসের অবস্থান |
|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | মধ্যম ক্যাটেগরির ১৪টি মন্ত্রণালয়/ বিভাগসমূহের মধ্যে ২য় | ৩য় |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | মধ্যম ক্যাটেগরির ১৮টি অধিদপ্তরসমূহের মধ্যে ৬ষ্ঠ | ৮ম |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ছোট ক্যাটেগরির ৩১টি অধিদপ্তরসমূহের মধ্যে ২৩তম | ২৩তম |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ছোট ক্যাটেগরির ৩১টি অধিদপ্তরসমূহের মধ্যে ১৮তম | ১৪তম |
| কারা অধিদপ্তর | ছোট ক্যাটেগরির ৩১টি অধিদপ্তরসমূহের মধ্যে ১৭তম | ১৫তম |

- ই-ফাইলিং এ দপ্তর/সংস্থার কার্যক্রমের রেটিং ও মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখা;
- সকল অধিদপ্তরে ই-ফাইলিং এর মাধ্যমে পত্র উপস্থাপনপূর্বক পত্র জারির মাধ্যমে নিষ্পত্তির কার্যক্রম আরো বৃদ্ধি করা;
- ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শাখা/অধিদপ্তরওয়ারী শতকরা হারে সমন্বয়সভায় উপস্থাপন করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)**

<table>
<tr>
<td>২.১২</td>
<td>ইনোভেশন ও উত্তম চর্চা : ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ৪টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২টি, কারা অধিদপ্তরের ৫টি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।,</td>
<td>• কারাগারে কর্মকর্তা-কর্মচারীগণের হাজিরা নিশ্চিত করার জন্য বায়োমেট্রিক পদ্ধতির হাজিরা চালু করার ব্যবস্থা করা;<br>• মাসিক সমন্বয়সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;<br>বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চিফ ইনোভেশন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২.১৩</td>
<td colspan="2">মামলা : মন্ত্রণালয় এবং অধিদপ্তরসমূহের পেন্ডিং বিভাগীয় মামলা নিয়ে এখন থেকে প্রতিমাসে সভা করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।</td>
</tr>
<tr>
<td></td>
<td>সুরক্ষা সেবা বিভাগের অধীন দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>অধিদপ্তরের নাম</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th><th>সর্বশেষ অবস্থা</th></tr>
<tr><td>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>টাইটেল স্যুট-১<br>দেওয়ানি-১<br>এটি মামলা-৯টি<br>রিট পিটিশন-১৯৪টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>এটি মামলা-৬টি<br>এএটি মামলা-৬টি<br>রিট পিটিশন-৪৯টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-২টি<br>রিট পিটিশন-৪৩টি<br>লিভ টু আপিল-২টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>এটি মামলা-৫৮টি<br>এএটি মামলা-১৯টি<br>রিট মামলা-২৬টি<br>লিভ টু আপিল-১৮টি<br>সিভিল রিভিশন-২টি</td><td>বিচারাধীন</td></tr>
</table></td>
<td>• অধিদপ্তরসমূহের মামলা বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে সভা করে মামলা সংক্রান্ত তথ্য, মামলার ধরন কোর্টওয়ারী হালকরণ করে এ বিভাগ থেকে প্রদত্ত ছকে যুগ্মসচিব (আইন) কর্তৃক প্রণয়নপূর্বক সমন্বয়সভায় উপস্থাপন করা;<br>• মামলায় সরকারি স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;<br>• তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;<br>• আদালতে যেন সরকারি স্বার্থ রক্ষা হয় সে জন্য সকল অধিদপ্তরে আপিল নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা;<br>• চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up এ রাখা;<br>• মাসিক সমন্বয়সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;<br>• প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল মামলা, কোর্টভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা আলাদা কলামে উল্লেখ করা;<br>বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ</td>
</tr>
<tr>
<td>২.১৪</td>
<td colspan="2">বিবিধ :</td>
</tr>
<tr>
<td></td>
<td>১৪.১ ভিডিও কনফারেন্সিং :<br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর : আইপি ফোনের মাধ্যমে বিবেচ্যমাসে ১৫টি ভিডিও কনফারেন্স এর আয়োজন করা হয়েছে।<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : বিবেচ্যমাসে কোন ভিডিও কনফারেন্সের আয়োজন করা হয়নি।<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : বিবেচ্যমাসে ১৬টি ভিডিও কনফারেন্সের আয়োজন করা হয়েছে।<br>কারা অধিদপ্তর ভিডিও কনফারেন্সিং করা হয়নি।</td>
<td>• মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td></td>
<td>• ১৪.২ অগ্নি দুর্ঘটনা রোধকল্পে গণসচেতনতা সৃষ্টি</td>
<td>• অগ্নি দুর্ঘটনা রোধকল্পে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রমসহ নানাবিধ উদ্যোগ গ্রহণ করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান।</td>
</tr>
<tr>
<td></td>
<td>১৪.৩ মুজিববর্ষ ২০২০ উদযাপন।<br>• 'মুজিববর্ষ ২০২০ উদযাপন' উপলক্ষে অধিদপ্তরসমূহ হতে সময়াবদ্ধ কর্মপরিকল্পনার পূর্ণাজ্ঞ তথ্য অদ্যাবধি পাওয়া যায়নি।<br>মুজিববর্ষ উপলক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে কোন সেবা নির্দিষ্ট করার তথ্য পাওয়া যায়নি;</td>
<td>• এ বিভাগের সচিবকে আহ্বায়ক করে একটি উদযাপন কমিটি গঠন করা হয়েছে। এ কমিটিতে প্রত্যেক দপ্তরের পরিচালক (প্রশাসন) এবং কারা অধিদপ্তরের অতিরিক্ত আইজিপি-কে এ কমিটিতে অর্ন্তভুক্ত করে অফিস আদেশ জারি করা;<br>• মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে ২৬.০৫.২০১৯ তারিখে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা:<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তরসমূহকে-<br>ক. মুজিব বর্ষ উপলক্ষে যে কোন একটি সেবা নির্দিষ্ট করতে হবে;<br>খ. অনুষ্ঠান আয়োজনে কোন প্রকার চাঁদা সংগ্রহ করা যাবে না;<br>গ. বঙ্গবন্ধুর দিক নির্দেশনাসমূহ সংগ্রহপূর্বক প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>ঘ. অতিরঞ্জিত কর্মপরিকল্পনা এবং পালনযোগ্য নয় এমন কোন কর্মসূচি গ্রহণ করা যাবে না;</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| | | ঙ. লেখালেখির ক্ষেত্রে দূরদর্শিতার পরিচয় আবশ্যক;<br>চ. ব্যানার, পোস্টার, ছবি ইত্যাদি প্রকাশে বিরূপ চিত্র ও ভাষার ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে। |
| | **১৪.৪ পাসপোর্ট সংক্রান্তে এ্যাপস প্রস্তুতের অগ্রগতি :** | পাসপোর্ট সংক্রান্তে এ্যাপস প্রস্তুতের জন্য দৃশ্যমান কোন অগ্রগতি নেই, ডিজি,ডিআইপি কর্তৃক জরুরিভিত্তিতে এ্যাপস তৈরির কার্যক্রম সম্পন্ন করা;<br>**বাস্তবায়নে : অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।** |
| | **১৪.৫ সমন্বয়সভায় প্রদত্ত সিদ্ধান্ত বাস্তবায়ন** | • সমন্বয়সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাস্তবায়নের জন্য শাখা/অধিশাখা/দপ্তর/সংস্থা কর্তৃক তাৎক্ষণিক যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;<br>• কোন সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা না হলে সংশ্লিষ্ট দপ্তর প্রধান বরাবর পত্র দেয়া।<br>**বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ** |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ